২৮৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-২শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

বিষয় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১' বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত 'নৈতিকতা কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মো: আখতার হোসেন
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সভার তারিখ : ২৮.০৩.২০২১ খ্রি.
সময় : বেলা ১০:০০ ঘটিকা
স্থান : ভিডিও কনফারেন্সিং (ZOOM) এর মাধ্যমে।

সভায় অংশগ্রহনকারী কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক-এ সন্নিবেশিত।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা' বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি'র ৩য় সভা মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আখতার হোসেন-এর সভাপতিত্বে অদ্য ২৮.০৩.২০২১ তারিখে বেলা ১০:০০ ঘটিকায় ভিডিও কনফারেন্সিং (ZOOM) এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে ভিডিও কনফারেন্সিং (ZOOM) এর মাধ্যমে সভায় অংশগ্রহণকৃত মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থাসমূহের কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন।

০২। মন্ত্রণালয়/বিভাগের ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো মূল্যায়ন প্রতিবেদন অনুযায়ী সার্বিক মূল্যায়নে ৫১ টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ৮৭.৮ নম্বর পেয়ে ৮ম স্থান অর্জন করায় সভাপতি শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২০২১' বাস্তবায়নে সংশ্লিষ্ট সকল সহকর্মীদের আন্তরিক ধন্যবাদ জানান।

০৩। সভায় গত ৩০ ডিসেম্বর, ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী সর্বসম্মতভাবে অনুমোদন করা হয়।

০৪। সভায় সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের উপসচিব ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট জনাব মোঃ ফজলে এলাহী ৩০ ডিসেম্বর, ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ভার্চুয়াল সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। সভাপতি ৩০ ডিসেম্বর, ২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে নৈতিকতা কমিটি'র সভার সিদ্ধান্তসমূহ শতভাগ (১০০%) বাস্তবায়িত হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।

০৫। এ মন্ত্রণালয়ের উপসচিব ও শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ফোকাল পয়েন্ট যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মন্ত্রণালয়ের 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২০-২১' অর্থবছরের শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের ৩য় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ/২০২১) অগ্রগতির তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

| ক্র.নং | কার্যক্রম | মোট লক্ষমাত্রা | ৩য় কোয়ার্টারেরে লক্ষমাত্রা | ৩য় কোয়ার্টারে বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ১.১ | নৈতিকতা কমিটির সভা । | ৪ টি | ১ টি | ১ টি |
| ১.২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন । | ১০০% | ১০০% | ১০০% |
| ২.১ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা। | ৪ টি | ২ টি | ২ টি |
| ২.২ | অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন। | ৮০% | ৮০% | ১০০% |
| ২.৩ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন। | ৭৩ জন | ৩০ জন | ৩১ জন |
| ২.৪ | কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন। | ৫০ জন | ২৯ জন | ৩১ জন |
| ৪.২ | স্ব স্ব ওয়েবসাইটে শুদ্ধাচার সেবাবক্স হালনাগাদকরণ । | ৩১/০৩/২১, | ৩১/০৩/২১ | ২৮/০৩/২১ |
| ৪.৪ | স্ব স্ব ওয়েবসাইটে তথ্য অধিকার সেবাবক্স হালনাগাদকরণ। | ৩১/০৩/২১, | ৩১/০৩/২১ | ২৮/০৩/২১ |
| ৪.৫ | স্ব স্ব ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সেবাবক্স হালনাগাদকরণ। | ৩১/০৩/২১, | ৩১/০৩/২১ | ২৮/০৩/২১ |
| ৫.২ | অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণ। | ১০০% | ১০০% | ১০০% |
| ৬.২ | মন্ত্রণালয়/বিভাগ/রাষ্ট্রীয় প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন/ পরিবীক্ষণ। | ১৫ | ৫ | ৫ |
| ৬.৩ | প্রকল্প পরিদর্শন/পরিবীক্ষণ প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন পরিবীক্ষণ । | ৮০% | ৮০% | ৮০% |
| ৭.১ | পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ। | ৩০/০৯/২০, ৩১/০৩/২১ | ৩১/০৩/২১ | ৩০/০৯/২১ |
| ৮.১ | স্ব স্ব সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস্ চার্টার) বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ। | ৮০% | ৮০% | ১০০% |
| ৮.২ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন। | ৫০ টি | ২০ টি | ২০ টি |
| ৮.৩ | শাখা/অধিশাখা ও আওতাধীন/অধস্তন কার্যালয় পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন। | ৮০% | ৮০% | ৮০% |
| ৮.৪ | সচিবালয় নির্দেশমালা, ২০১৪ অনুযায়ী নথির শ্রেণি বিন্যাসকরণ। | ১০০% | ১০০% | ১০০% |
| ৯.১ | যুব উন্নয়ন অধিদপ্তরের প্রশিক্ষণ কোর্সসমূহের মধ্যে ০৫ টি কোর্সের_ অনলাইন ভিডিও ক্লাস প্রস্তুত করন ও ওয়েব সাইটে আপলোড করন। | ৩১/০৩/২১ | ৩১/০৩/২১ | ২৮/০৩/২১ |
| ১১.১ | কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)।<br>১. পরিস্কার পরিচছন্নতা বৃদ্ধি।<br>২.সুরক্ষা সামগ্রী বিতরণ । | ২টি ও ৩১/০৩/২১ | ২টি ও ৩১/০৩/২১ | ২টি ও ৩১/০৩/২১ |
| ১৩.২ | নির্ধারিত সময়ে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ। | ১৫/০১/২১ | ১৫/০১/ ২১ | ৩১/১২/২০ |
| ১৩.৩ | আওতাধীন দপ্তর/সংস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক প্রদান। | ১৫/০১/২১, | ১৫/০১/ ২১ | ১১/০১/২১ |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক) যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থা-এর 'জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২০-২১'-এর ৪র্থ কোয়ার্টারের গৃহিত কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। বিশেষ করে নিম্নোক্তা কার্যক্রম সমূহ যথাসময়ে বাস্তবায়ন করতে হবে।

খ) মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার এর অধ:স্তন কর্যালয় সমূহ পরিদর্শন অব্যাহত রাখবেন এবং পরিদর্শনের ১টি কপি শুদ্ধাচার সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবেন।

গ) মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা ও সকল দপ্তর/সংস্থা ২০২০-২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক সভার সিদ্বান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন ২৫/০৬/২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।

ঘ) এ মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন ১৫/০৪/২০২১ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।

ঙ) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্হা নিজ নিজ দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ সংক্রান্ত ৩য় কোয়ার্টরের প্রতিবেদন ০৫/০৪/২০২১ তারিখের মধ্যে এ মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

ঙ) এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্হা কর্তৃক দাখিলকৃত ৩য় কোয়ার্টারের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ১৪/০৩/২০২১ তারিখের মধ্যে ফিডব্যাক প্রদান করতে হবে।

০৭। সভায় আর কোন আলোচানা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৮.০৩.২০২১ খ্রি.
(মো: আখতার হোসেন)
সচিব

নম্বর-৩৪.০০.০০০০.০৪৩.১৬.০১৫.২০-১১১ তারিখ: ২৮ মার্চ ২০২১ খ্রি:/ ১৪ চৈত্র ১৪২৭ ব:

সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি এসাথে প্রেরণ করা হলো(জোষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা)।
০২। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৩। মহা-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন, ১০৮, মতিঝিল, ঢাকা।
০৪। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, মওলানা ভাসানী স্টেডিয়াম, ঢাকা।
০৫। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, এনএসসি টাওয়ার,৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
০৬। মহাপরিচালক, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার, ঢাকা।
০৭। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন, জাতীয় ক্রীড়া পরিষদ (পুরাতন ভবন), ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা।
০৮। যুগ্ম-সচিব (প্রশাসন)/(উন্নয়ন)/(যুব) যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৯। উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সিনিয়র সহকারী সচিব (সকল)/ সহকারী সচিব (সকল),যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। প্রোগ্রামার / সহকারী প্রোগ্রামার (আইসিটি সেল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(ওয়েব সাইটে আপলোড ও ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।
১৩। ফোকাল পয়েন্ট, জাতীয় শুদ্ধাচার কৌশল, যুব উন্নয়ন অধিদপ্তর/বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান/ক্রীড়া পরিদপ্তর/ জাতীয় ক্রীড়া পরিষদ/বঙ্গবন্ধু ক্রীড়া সেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা। (সেলিনা আক্তার)

২৮/০৬/২০২১
(সেলিনা আক্তার)
সহকারী সচিব
ফোন: ৯৫৪৬৫৬১
ই-মেইল : csmoys66@gmail.com